ইস্টার সানডে উপলক্ষে ইউক্রেনে সাময়িক যুদ্ধবিরতি ঘোষণা রাশিয়ার



রাশিয়ার প্রেসিডেন্ট পুতিন। ছবি: সংগৃহীত

ইস্টার সানডে ঘিরে ইউক্রেন যুদ্ধক্ষেত্রে অস্থায়ী বিরতির ঘোষণা দিয়েছে রাশিয়া। দেশটির প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন এ সিদ্ধান্তের কথা জানান।

বৃহস্পতিবার (৯ এপ্রিল) ক্রেমলিনের এক বিবৃতিতে বলা হয়, অর্থোডক্স ইস্টারকে কেন্দ্র করে শনিবার বিকেল থেকে রোববার সূর্যাস্ত পর্যন্ত দুই দিনের জন্য সব ধরনের সামরিক অভিযান স্থগিত থাকবে। নির্দেশনা অনুযায়ী, রুশ প্রতিরক্ষামন্ত্রী আন্দ্রেই বেলুসভ সব ফ্রন্টে যুদ্ধ কার্যক্রম বন্ধ রাখার আদেশ দিয়েছেন।

তবে একইসঙ্গে সতর্ক করে দেওয়া হয়েছে, এই সময়ের মধ্যে ইউক্রেনের পক্ষ থেকে কোনো উসকানি এলে তার জবাব দিতে প্রস্তুত থাকবে রাশিয়া।

অন্যদিকে, ইউক্রেনও এই সাময়িক যুদ্ধবিরতি মেনে চলবে বলে ইঙ্গিত দিয়েছেন দেশটির প্রেসিডেন্ট ভোলদেমির জেলেনস্কি। একটি পোস্টে তিনি এ বিষয়ে সম্মতির কথা জানান।

LENS ASIA